শেখ হাসিনার উদ্যোগ

# গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
Gazipur Palli Bidyut samity-2

সদর দপ্তর
রাজেন্দ্রপুর, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২০১৭৮৩
E-mail: gazipbs2@gmail.com

স্মারক নং-২৭.১২.৩৩৩০.৫৭৭.০২.০০৮.২২.১২৯ তারিখ : ১০/০১/২০২২ খ্রি:।

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূণ্য পদ পূরণ এবং প্যানেল প্রস্তুতের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ওয়্যারিং পরিদর্শকগণের মধ্যে থেকে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্মচারী বিধি ১৯৯২ (সংশোধিত -২০১২ খ্রিঃ) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**পদের নামঃ পাওয়ার ইউজ কো- অর্ডিটের/ সদস্য সেবা কো-অর্ডিনেটর।**

**আবেদনের পদ্ধতিঃ**

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ অগামী ২২/০১/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকার মধ্যে স্ব শরীরে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, গাজীপুর-এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

০১। ওয়্যারিং পরিদর্শক হিসাবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসাবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

০২। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৩। ওয়্যারিং করার মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।

০৪। বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ করে থাকতে হবে।

০৫। জনগণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।

০৬। পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সকল শর্তসমূহ পূরণ করতে হবে।

০৭। জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র।

০৮। অবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র /দলিলাদি এজিএম (এইচআর /প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।

- ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন কপি।
- খ) বিগত ০৩ (তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
- গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ঘ) জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
- ঙ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের সত্যায়িত ফটোকপি।
- চ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

০৯। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগপ্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। অত্র সমিতির কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্ত সম্পর্কের কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। বিভাগীয় তদন্ত চলমান/শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১২। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীতে বিবেচনা করা হবে।

- (ক) সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (খ) সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (গ) সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতরে একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (চ) পদোন্নতির জন্য তিনবার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায়;

(জ) ফৌজদারী মামলা চলমান থাকলে;

১৩। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকায় (গাজীপুর সদর উপজেলার ভাওয়াল গড়, মির্জাপুর, পিরুজালী ইউনিয়ন, গাজীপুর সিটি কর্পোরেশন আওতাভূক্ত ২১, ২২, ২৩ নং ওয়ার্ড, শ্রীপুর উপজেলার রাজাবাড়ী, প্রহলদপুর ইউনিয়ন এবং কাপাসিয়া উপজেলা) স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

১৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত ও পবিস নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

১৫। চলতি দায়িত্বে থাকাকালীন পূর্ব পদের অর্থাৎ ওয়্যারিং পরিদর্শক এর সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১৬। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১৭। যে কোন আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তির বাতিল করা ক্ষমতা পবিস কতৃপক্ষ কতৃক সংরক্ষিত ।

১৮। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৯। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

10/1/2022
(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

*অনুলিপিঃ-*

০১ ॥ পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ বঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২ ॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................... পবিস-১/২/৩/৪।

০৩ ॥ ডিজিএম- কারিগরী/কাপাসিয়া জোনাল অফিস, গাজীপুর পবিস-২।

০৪ ॥ এজিএম-(সদস্য সেবা/অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি), গাজীপুর পবিস-২।

০৫ ॥ এজিএম (আইটি), গাজীপুর পবিস-২ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

10/1/2022
(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।